# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৯৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ -আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّنِ (بَاب مَنَاقِب عَلِيّ بن أبي طَالب)

---

আরবী

وَعَن أم عطيَّة قَالَت: بَعَثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَيْشًا فِيهِمْ عَلِيٌّ قَالَتْ: فَسَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ رَافِعٌ يَدَيْهِ يَقُولُ: «اللَّهُمَّ لَا تُمِتْنِي حَتَّى تُرِيَنِي علياًّ» . رَوَاهُ التِّرْمِذِيّ

اسناده ضعیف ، رواه الترمذی (3737 وقال : حسن) * ام شراحیل و ابو الجراح المهری : مجهولا الهال ، لم یوثقهما غیر الترمذی ۔
(ضَعِيف)

বাংলা

৬০৯৯-[১৩] উম্মু ’আত্বিয়্যাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার রাসূলুল্লাহ (সা.) কোন এক অভিযানে সেনাদল পাঠালেন। তাদের মধ্যে ’আলী (রাঃ)-ও ছিলেন। উম্মু ’আত্বিয়্যাহ্ (রাঃ) বলেন, সেনাদল পাঠাবার পর রাসূলুল্লাহ (সা.)-কে আমি দুই হাত তুলে এরূপ দু’আ করতে শুনেছি, তিনি বলেছেন, হে আল্লাহ! ’আলীকে আবার আমাকে না দেখাবার আগ পর্যন্ত তুমি আমার মৃত্যু দান করো না। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৭৩৭, আল মুজামুল আওসাত্ব ২৪৩২, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ২০৬৭৯; কারণ সনদে অপরিচিত ব্যক্তি আবূ আসিম।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নবী (সা.) ‘আলী (রাঃ)-কে কোন একটি সফরে সৈন্যবাহিনীর সাথে পাঠিয়েছিলেন। রাসূল (সা.) তাকে পাঠানোর সময় বা তাঁর ফিরে আসা নিশ্চিত করতে তাঁর দু’হাত উঁচু করে বলেন, “হে আল্লাহ! ‘আলীকে দেখার আগে আমার মৃত্যু দিও না।”
নবী (সা.) যখন সৈন্যবাহিনী প্রেরণ করছিলেন তখন তার ডানদিকে জিবরাইল আর মীকাঈল তার বামদিকে ছিলেন। আর তিনি তার বিজয় নিশ্চিত না করে ফিরে যাননি- (আহমাদ)। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86075

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন